প্রচ্ছদ প্রতিবেদন

# উইকিপিডিয়ার ১০ বছর



বেলায়েত হোসেন

উইকিপিডিয়া। ইন্টারনেটভিত্তিক বহুভাষিক ও মুক্ত কনটেন্ট দিয়ে তৈরি এক উন্মুক্ত বিশ্বকোষ। এ বিশ্বকোষ সবার সম্পাদনার জন্য উন্মুক্ত এবং সহজে সম্পাদনা করা যায় এমন একটি সম্পাদনা ইন্টারফেস দিয়ে এটি তৈরি করা হয়েছে। 'উইকিপিডিয়া' নামটি আসলে উইকি ও এনসাইক্লোপিডিয়া শব্দ দুটির সম্মিলিত রূপ। উইকি শব্দের অর্থ দ্রুত। সাধারণত যেকেউ সম্পাদনা করতে পারে এমন ওয়েবসাইটকে বোঝাতে 'উইকি' শব্দটি ব্যবহার হয়। উইকিপিডিয়ার নিবন্ধগুলো ব্যবহারকারীকে ওই বিষয় সম্পর্কে প্রাসঙ্গিক তথ্যসহ সে সম্পর্কিত আরও তথ্য পাওয়া যাবে এমন কিছু উৎসের লিঙ্ক দেয়।

বিশ্বের বিভিন্ন স্থানে ছড়িয়ে ছিটিয়ে থাকা অসংখ্য অপরিচিত স্বেচ্ছাসেবীর বিনা পারিশ্রমিকের প্রচেষ্টায় উইকিপিডিয়া গড়ে উঠেছে। ইন্টারনেট সংযোগ আছে এমন যেকেউ উইকিপিডিয়ায় সম্পাদনা করতে পারেন, অবশ্য নির্দিষ্ট কিছু পাতা ছাড়া, যেগুলো অবাঞ্ছিত সম্পাদনা ও ধ্বংসপ্রবণতা থেকে রক্ষার্থে সুরক্ষিত করে রাখা হয়েছে। ব্যবহারকারীরা নিজেদের ইচ্ছেমতো, অজ্ঞাত ব্যবহারকারী হিসেবে কোনো অ্যাকাউন্ট না খুলে, বা নিজের বা কোনো ছদ্মনামে অ্যাকাউন্ট খুলেও সম্পাদনা করতে পারেন। যে মৌলিক নীতিমালা মেনে উইকিপিডিয়া পরিচালিত হয়, তা 'পঞ্চস্তম্ভ' নামে পরিচিত। একটি মানসম্পন্ন বিশ্বকোষ গড়ে তোলার উদ্দেশ্যে উইকিপিডিয়ার ব্যবহারকারীরা বিভিন্ন নীতিমালা ও নির্দেশাবলী তৈরি করেছেন। যদিও উইকিপিডিয়ায় সম্পাদনা শুরুর পূর্বে সব নীতিমালা সম্পর্কে তাৎক্ষণিকভাবে অবগত হওয়ার কোনো বাধ্যবাধকতা নেই।

২০০১ সালে উইকিপিডিয়ার যাত্রা শুরু থেকে দ্রুত বেড়ে এটি এখন বিশ্বের অন্যতম বৃহৎ রেফারেন্স ওয়েবসাইটে পরিণত হয়েছে। অক্টোবর ২০১০ পর্যন্ত পরিচালিত পরিসংখ্যান অনুযায়ী প্রতি মাসে বিশ্বের প্রায় ৪০ কোটি ৮০ লাখ মানুষ উইকিপিডিয়া ওয়েবসাইট ভিজিট করছেন। এছাড়াও ২৭০টিরও বেশি ভাষার ১ কোটি ৭৯ লাখেরও বেশি নিবন্ধে সক্রিয়ভাবে কাজ করছেন প্রায় ৯১ হাজারেরও বেশি অবদানকারী। এর মধ্যে এককভাবে সবচেয়ে বড় ইংরেজি উইকিপিডিয়ার সর্বমোট নিবন্ধ সংখ্যা প্রায় ৩৫ লাখ। প্রতিদিন বিশ্বের বিভিন্ন স্থান থেকে আসা মানুষ ছোট-বড় শত শত সম্পাদনার মাধ্যমে উইকিপিডিয়ার এই বিপুল জ্ঞানভাণ্ডারকে সমৃদ্ধ করে চলেছেন। সব বয়স, সংস্কৃতি ও পেশার মানুষ এখানে নিবন্ধের অংশ, তথ্যসূত্র, ছবি এবং অন্যান্য মিডিয়া সম্পাদনা করতে পারেন। এক্ষেত্রে কে সম্পাদনা করছেন, অর্থাৎ তার বিশেষত্ব কী বা যোগ্যতা কী, তার চেয়ে তিনি কী সম্পাদনা করেছেন সেটিই বেশি গুরুত্বপূর্ণ। যা দেখা হয়, তা হচ্ছে সম্পাদনাটি আদৌ উইকিপিডিয়ার নীতিসিদ্ধ কী না। এসব নীতির মধ্যে আছে যে তথ্য সংযুক্ত করা হয়েছে, তা নির্ভরযোগ্য তথ্যসূত্রের মাধ্যমে যাচাইযোগ্য কী না, সম্পাদনাকারীর নিজস্ব বিশ্বাস ও মতামত মুক্ত কী না, অর্থাৎ লেখার টোন নিরপেক্ষ কী না, লেখাটি কপিরাইট বাধ্যবাধকতামুক্ত কী না। এছাড়াও জীবিত ব্যক্তির ওপর লিখিত নিবন্ধের ক্ষেত্রে সংযোজিত তথ্যটি গুরুত্ববহ, বা বিশ্বকোষীয় কী না, তাও যাচাই করা হয়। কোনো একটি অনাকাঙ্ক্ষিত সম্পাদনা কোনো নিবন্ধকে স্থায়ীভাবে নষ্ট করে দিতে পারে না, কারণ সফটওয়্যার সবসময়ই পূর্ববর্তী সম্পাদনাগুলো নিবন্ধের ইতিহাসে সংরক্ষণ করে এবং খুব সহজেই একটি অনাকাঙ্ক্ষিত সম্পাদনা বাতিল করে তা পূর্বের অবস্থানে ফিরিয়ে নেয়া সম্ভব। বিভিন্ন অভিজ্ঞ সম্পাদনাকারী এই সম্পাদনাগুলোকে নজরে রাখেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে গঠনমূলক সম্পাদনার সুরক্ষা নিশ্চিত করেন। আর সম্পাদনার এই মহাযজ্ঞটি সবাই শুরু করেছেন, পাতার ওপরে থাকা 'সম্পাদনা' লিঙ্কটিতে একটি সাধারণ ক্লিক করার মাধ্যমে।

উইকিপিডিয়া একটি সহযোগিতামূলক প্রকল্প, যা কাগজে ছাপা বিশ্বকোষ থেকে বিভিন্ন দিক থেকে আলাদা। কাগজে ছাপা না হওয়ায় এটি নিত্য পরিবর্ধনশীল ও হালনাগাদ করা হচ্ছে। বিভিন্ন ঐতিহাসিক বিষয়ে কয়েক মিনিটের মধ্যেই তথ্য যুক্ত হচ্ছে বা নতুন নিবন্ধ তৈরি হচ্ছে। কাগজে ছাপা বিশ্বকোষের ক্ষেত্রে যা কয়েক মাস থেকে বছর পর্যন্ত লাগতে পারে। এছাড়াও সময়ের সাথে সাথে বার বার সম্পাদিত পুরনো নিবন্ধগুলো আরও বেশি সমৃদ্ধ ও ভারসাম্যপূর্ণ হয়ে ওঠে। যদিও কিছু ক্ষেত্রে নতুন তৈরি নিবন্ধগুলোতে ভুল, অবিশ্বকোষীয়, বা ধ্বংসপ্রবণ তথ্যাদি সন্নিবেশিত হতে দেখা যায়। কিন্তু সচেতন প্রদায়কদের কার্যকর নজরদারি, সদ্য সংযোজিত এসব ভুল তথ্য শনাক্তকরণ ও দূরীকরণে ভূমিকা রাখে।

উইকিপিডিয়ার সব নীতিমালা ও নির্দেশাবলী সংক্ষেপে নিচের পঞ্চস্তম্ভের মাধ্যমে প্রকাশ করা যায় :

**এক :** উইকিপিডিয়া একটি অনলাইন বিশ্বকোষ এবং একই সাথে একটি উন্মুক্ত বিশ্বকোষ রচনা প্রকল্প। এটি একাধারে একটি সাধারণ ও বিশেষায়িত বিশ্বকোষ। অন্যদিকে এই বিশ্বকোষে বর্ষপঞ্জিও অন্তর্ভুক্ত। উইকিপিডিয়ার নিবন্ধ কোনো মৌলিক গবেষণা হতে পারবে না এবং নিবন্ধে সঙ্কলিত তথ্য যাচাইযোগ্য হতে হবে। উইকিপিডিয়া ব্যক্তিগত মতামত, অভিজ্ঞতা বা যুক্তি উপস্থাপনের স্থান নয়। বাছবিচারহীন তুচ্ছ তথ্যের সংগ্রহও এটি নয়। উইকিপিডিয়াকে ব্যক্তিগত বক্তৃতামঞ্চ হিসেবে ব্যবহার করা যায় না। এতে অবদান রাখতে হলে কিছু নিয়মনীতি মেনে চলতে হয়। উইকিপিডিয়ার কর্মপদ্ধতি নৈরাজ্যমূলক বা গণতান্ত্রিক নয়। এটি কোনো ►

## উইকিপিডিয়ার ১০ বছর পূর্তি উপলক্ষে বিশেষ আয়োজন

জানুয়ারি ১৫, ২০১১ তারিখে উইকিপিডিয়া তার প্রথম দশক পূর্ণ করতে যাচ্ছে। উইকিপিডিয়ার এই জন্মদিন উপলক্ষে শুধু উইকিমিডিয়া ফাউন্ডেশনই নয়, বিশ্বের ১২০টিরও বেশি শহরে উইকিপিডিয়ান কমিউনিটিগুলো হাতে নিয়েছে বিভিন্ন কর্মসূচি, আয়োজন করেছে বিভিন্ন অনুষ্ঠান। এ অনুষ্ঠানগুলোর দুটি উদ্দেশ্য– এক. উইকিপিডিয়ার জন্মদিন উদ্‌যাপন, দুই. উইকিপিডিয়া সম্পর্কে স্থানীয় জনগণকে শিক্ষিত করে তোলা। বাংলাদেশের ঢাকার উইকিপিডিয়ান কমিউনিটিও এ উপলক্ষে আয়োজন করেছে বিভিন্ন ধরনের অনুষ্ঠান। এর মধ্যে উইকিমিডিয়া বাংলাদেশের আয়োজনে উইকিপিডিয়ার জন্য ফুট ওয়ার্ক, উইকিপিডিয়া ওয়ার্কশপ, উইকিপিডিয়ার জন্য ঘুড়ি উড়ানোসহ রয়েছে উইকিপিডিয়ার জন্মদিনের অনুষ্ঠান। এছাড়াও ঢাকার বাইরের উইকিপিডিয়ানরা বিভিন্ন ধরনের কর্মসূচি গ্রহণ করেছে। উইকিপিডিয়ার ১০ বছর পূর্তি উদ্‌যাপনের বিস্তারিত জানতে দেখুন http://ten.wikipedia.org সাইটটি।

